



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং
অভ্যন্তরীণ উদ্বাস্ত নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স
প্রধান কার্যালয় :- খাগড়াছড়ি।

স্মারক নং-

গণবিজ্ঞপ্তি

তারিখ :-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম তথা খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলায় প্রতি বছর বর্ষা মৌসুমে ভূমি ধসে ব্যাপক প্রাণহানি ও ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত হয়। জলবায়ু পরিবর্তন জনিত কারণে চলমান বর্ষায় অতি ও ভারী বৃষ্টি হচ্ছে। ফলে পাহাড়ের ঢাল ধসে গিয়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে। বিশেষত: পাহাড়ের ঢালু, খাঁজ এবং উঁচু উঁচু টিলা ভূমি ধসে পড়তে পারে এবং জান ও মালের মারাত্মক ক্ষতিসাধন করতে পারে। এ প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের “পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির” ২য় বৈঠকের গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগাম ব্যবস্থা হিসেবে নিম্নবর্ণিত সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

১. পাহাড় কাটা বন্ধ করতে হবে;
২. পাহাড়ে, পাহাড়ের ঢালে এবং সমতল জমির সমীপবর্তী ঢালু জমি ও খাঁজে বহু শিকর-বাকর বিশিষ্ট বিভিন্ন প্রজাতির বৃক্ষ(সুপারি, নারকেল, বাঁশ ইত্যাদি) বেশি বেশি লাগাতে হবে;
৩. পাহাড়ের ঢালু হতে সকল প্রকার গাছ কাটা বন্ধ করতে হবে এবং গুল্ম প্রজাতির ওষধি বৃক্ষ রোপন করতে উৎসাহিত করতে হবে;
৪. জান ও মালের ক্ষতি হতে রক্ষা পাওয়ার জন্য অবিলম্বে পাহাড়ের ঢালে বসবাসকারীদেরকে অন্যত্র স্থানান্তরের ব্যবস্থা করতে হবে এবং ভবিষ্যতে মাটি কেটে পাহাড়ের ঢালে কিংবা উঁচু টিলার চূড়ায় বসতি নির্মাণ না করার জন্য সচেতনতা সৃষ্টি করতে হবে;

ইহা সংশ্লিষ্ট সকলকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ রাশেদুল হক)

নির্বাহী কর্মকর্তা

উপজাতীয় শরণার্থী ও উদ্বাস্ত বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি

ফোন: ০৩৭১-৬২২৭৬

ইমেইল: eotaskforcecht@gmail.com

তারিখ: ০৩/০৭/২০১৯খ্রি।

স্মারক নং-০০.৩৩.৪৬০০.০০৩.০০.০০১.১৮- ২৬৪

অনুলিপি: অবগতি এবং বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান,.....ইউপি(সকল),খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ২। হেডম্যান,.....মৌজা(সকল),খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৩। প্রকল্প চেয়ারম্যান(সকল).....উপজাতীয় শরণার্থীদের রেশন বিতরণ কমিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(মোহাম্মদ রাশেদুল হক)

নির্বাহী কর্মকর্তা

উপজাতীয় শরণার্থী ও উদ্বাস্ত বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি

ফোন: ০৩৭১-৬২২৭৬

ইমেইল: eotaskforcecht@gmail.com

তারিখ: ০৩/০৭/২০১৯খ্রি।

স্মারক নং-০০.৩৩.৪৬০০.০০৩.০০.০০১.১৮-

অনুলিপি: অবগতি ও কার্যার্থে।

- ১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি /রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
- ২। উপজেলা চেয়ারম্যান,.....উপজেলা পরিষদ(সকল) খাগড়াছড়ি /রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), খাগড়াছড়ি /রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।

(মোহাম্মদ রাশেদুল হক)

নির্বাহী কর্মকর্তা

উপজাতীয় শরণার্থী ও উদ্বাস্ত বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি

ফোন: ০৩৭১-৬২২৭৬

ইমেইল: eotaskforcecht@gmail.com